# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩



১৯৭২ খ্রিস্টাব্দের ৩০ জুন বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন আয়োজিত সমবায় সম্মেলনে বঙ্গবন্ধু বলেন- “ আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে, এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। কেন না সমবায়ের পথ, সমাজতন্ত্রের পথ, গণতন্ত্রের পথ।”

[



“এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।”

# মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী

পৃষ্ঠপোষক ও উৎসাহদান

**জনাব মোছা: নাছিমা খাতুন**
**মেট্রো থানা সমবায় অফিসার**
**মেট্রো থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী**

**সম্পাদনা পরিষদ**

**বিউটি রানী সাহা**
**সহকারী পরিদর্শক**
**মেট্রো থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী**

**মোঃ রেজাউল করিম**
**সহকারী পরিদর্শক**
**মেট্রো থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী**

**কম্পিউটার কম্পোজ :**

**বিউটি রানী সাহা**
**সহকারী পরিদর্শক**
**মেট্রো থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী**

**মোঃ রেজাউল করিম**
**সহকারী পরিদর্শক**
**মেট্রো থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী**

**প্রকাশনা ও মুদ্রণ:**
মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়,

বোয়ালিয়া, রাজশাহী

mtco.rajshahi.gov.bd

প্রকাশ কাল: ১৫ অক্টোবর ২০২৩

# অফিস পরিচিতি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া। রাজশাহী জেলার রাণীনগর (হাদীর মোড়) এ বাংলাদেশ জাতীয় সমবায় আখচাষী ফেডারেশন লিঃ  এর ভবনে মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী অবস্থিত। মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমবায় নিবন্ধন, অডিট, পরিদর্শনসহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসাবে কাজ করে। এ অফিসে মোট জনবল ০৪ জন। ০১ জন সমবায় অফিসার, ০২জন সহকারী পরিদর্শক, এবং ০১জন অফিস সহায়ক।

মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী এর আওতাধীন সমবায় সমিতি সংক্রান্ত তথ্য :

কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা ০৩টি:

১) সমবায় ব্যাংক লিঃ , রাজশাহী ।

২) রাজশাহী কেন্দ্রীয় সদর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ।

৩) জনতা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ ।

প্রাথমিক সমিতির সংখ্যা: ১৩৩ টি

তন্মধ্যে, ১) আশ্রয়ণ প্রকল্প - ০১ টি

২) উন্নত জাতের গাভী প্রকল্প - ০২ টি

৩) কাল্বভূক্ত সমিতি - ০৭ টি

সমবায় সমিতির সদস্য সংখ্যা:

৩০/৬/২০২২ পর্যন্ত সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা ২৩৯৪৩ জন।

সমবায় সমিতির মোট মূলধন:

৩০/৬/২০২২ পর্যন্ত সমবায় সমিতির মোট মূলধন : ৪৮৩২.৬০ লক্ষ টাকা

## ২০২১-২২ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলী:

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থ বছরে ০৬টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৭০০ জনকে নতুনভাবে সমবায়ে সদস্যর্ভূক্ত করা হয়েছে। ২০২১-২২ সালে ১২৪টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ৭৫ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৩০ জনের স্ব-কর্মসংস্থানের হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০৪১,‘এসডিজি অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ দপ্তরে বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভূত ৩৫,৬০,৪৫০/- টাকা ঋণ বিতরণ এবং ৩৩,৯৯,১১৫/- টাকা আদায় করা হয়েছে।

## বিগত বৎসরের সাফল্য:

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে বোয়ালিয়া থানার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী এর আওতাধীন নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৩৩টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

### বিগত বছরের সাফল্য সমূহ নিম্নরুপ;

(ক) বিভিন্ন শ্রেণী পেশার জনগোষ্ঠী সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০৩টি কেন্দ্রীয় এবং ১৩৩টি প্রাথমিক (সাধারণ) মোট ১৩৬ টি সমবায় সমিতির ৪৮৩২.৬০ লক্ষ টাকা মূলধন গঠিত হয়েছে;

(খ) সমবায় থেকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগণ সাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে মোট ১১ জন সমবায়ী প্রশিক্ষণ গ্রহণ করেছেন;

(গ) সমবায়ের মাধ্যমে ৭৭ জন সদস্যের আত্ন-কর্মসংস্থান সৃষ্টি হয়েছে;

(ঘ) ২০২১-২২ অর্থ বছরে অডিট ফি বাবদ ১.৯৮ লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে;

(ঙ) ২০২১-২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিলে ২.৩৬ লক্ষ টাকা আদায় করা হয়েছে;

(চ) আশ্রয়ণ সমবায় সমিতির সদস্যদের ঋণ বিতরণ ও বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে।

বর্তমান পর্যন্ত তথ্য নিম্নরুপঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | আশ্রয়ন/ আবাসন প্রকল্প | বরাদ্দকৃত টাকা | বিতরনকৃত টাকা (ক্রম পুঞ্জিভূত) | বিগত মাস পর্যন্ত আদায় | বর্তমান মাস পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ( টাকা) | বর্তমান মাসে আদায় (টাকা) | মোট আদায় (টাকা) | খেলাপি ঋণের পরিমাণ (টাকা) | আদায়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৬+৮=৯ | ৭-৯=১০ | ১১ | ১২ |
| ১ | বোয়ালিয়া | হড়গ্রাম আশ্রয়ন | ১৪১০০০০ | ৩৫,৬০,৪৫০ | ৩৩,৯৯,১১৫ | ৩৫,৬০,৪৫০ | ০০ | ৩৩,৯৯,১১৫ | ১,৬১,৩৩৫ | ৯৫.৪৬ % | |
| | | সর্বমোট= | | | | | | | | | |

(ছ) ২০২১-২২ অর্থ বছরে ০৬টি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন হয়েছে;

(জ) ২০২১-২২ অর্থ বছরে ২০০০ জন সদস্যর মধ্যে ২.২৫লক্ষ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়েছে;

(ঝ) ৩টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ৭৫ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্যচাষ প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্য সেবা, যৌতুক ও মাদকের কুফল ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

(ঞ) উৎপাদনমুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষ্যে বিদ্যমান সমবায় সমিতিগুলিকে উদ্বুদ্ধকরণসহ নতুন সমবায় গঠনের প্রচেষ্টা চলছে।

## জাতীয় সমবায় পুরষ্কার ২০২১ এর মনোনয়ন:

মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়, বোয়ালিয়া, রাজশাহী হতে নিম্নবর্ণিত ০২টি সমিতিকে জাতীয় সমবায় পুরষ্কার ২০২১ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| সঞ্চয় ঋণদান | উত্তরণ সেভিংস এন্ড ক্রেডিট কো-অপাঃ সোসাইটি লিঃ | ১০০ |
| মহিলা (সমবায়ী) | মথুরডাঙ্গা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ১০০ |

## কর্মকর্তা/কর্মচারীর তথ্য:

অত্র দপ্তরের অনুমোদিত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ০৫টি। বর্তমানে ০৪জন কর্মরত আছেন।

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পদবী | মোবাইল নম্বর | ইমেইল এড্রেস |
|---|---|---|---|---|
| মোছাঃ নাছিমা খাতুন |  | উপজেলা সমবায় অফিসার | ০১৭৬১৭৪৭৪৪৬ | uco_boalia@yahoo.com |
| বিউটি রানী সাহা |  | সহকারী পরিদর্শক | ০১৭১৬৭৪৩৫৫৮ | pshaha268@gmail.com |
| মোঃ রেজাউল করিম |  | সহকারী পরিদর্শক | ০১৭১৮৮৪২৫৯৮ | rezaul.aics@gmail.com |
| শূন্য | শূন্য | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | শূন্য | শূন্য |
| মোঃ আকসেদ আলী |  | অফিস সহায়ক | ০১৭২৫৭৩৬৪২৮ | uco_boalia@yahoo.com |

২০২১-২২ সালে ০৪ জন কর্মচারী অত্র দপ্তর হতে অন্যত্র বদলী হয়েছেন

| কর্মকর্তা/কর্মচারীর নাম | | পরবর্তী কর্মস্থল |
|---|---|---|
| মোহাঃ পলাশ উদ্দীন<br>সহকারী পরিদর্শক | | উপজেলা সমবায় কার্যালয়<br>পবা, রাজশাহী। |
| মোঃ মোবাসসার হোসেন<br>সহকারী পরিদর্শক | | পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়<br>জয়পুরহাট। |
| মোসাঃ নাসরিন আলম<br>অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | | সহকারী পরিদর্শক , উপজেলা সমবায় কার্যালয়<br>পবা, রাজশাহী। |
| এস এম মুহাইমিনুল ইসলাম<br>অফিস সহায়ক | | অফিস সহায়ক, জেলা সমবায় কার্যালয়<br>সাতক্ষীরা,খুলনা। |

## নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা:

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নযোগ্য কৌশল সমূহের মাধ্যমে সেবা গ্রহণকারী নাগরিকদের বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। সেবা গ্রহণকারীদের বসার সুব্যবস্থা করা হয়েছে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম নাগরিকদের দৃষ্টিগোচর করার জন্য দপ্তরে নোটিশ বোর্ড স্থাপন করা হয়েছে। অভিযোগ দাখিলের জন্য অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। দপ্তরের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা হচ্ছে।

সমবায় সমিতির অডিট, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সাধারণ সভা ও অডিট সংশোধিনী দাখিলের নির্দিষ্ট সময়ে করণীয় নির্ধারিত কাজগুলো যথাসময়ে সম্পাদনের জন্য নোটিশ বোর্ডে প্রকাশ সহ পত্র প্রদানের মাধ্যমে স্টেক হোল্ডারদের অবহিত করা হচ্ছে।

সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতি পরিচালনার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

সমিতি পর্যায়ে সমবায় নেতৃবৃন্দের মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে।

সমবায় বিভাগ কো-অপারেটিভ টু কো-অপারেটিভ এর যোগাযোগ স্থাপনে এখানে সমন্বয়ক হিসাবে কাজ করছে।

তথ্য অধিকার আইন অবহিত করণ, দূর্নীতি দমন আইন অবহিত করণ, ডিজিটাল সেবা বিষয়ে অবহিত করা হচ্ছে।

— ০ —